প্রাইম ইন্স্যুরেন্স কোম্পানীর সংঘবিধি

ক্রম.	শিরোনাম	প্র.বি. নং	বর্তমান বিধি সমূহ	প্রস্তাবিত সংশোধনী	আইনজীবীর মন্তব্য
	প্রারম্ভিক	১.	কোম্পানী আইন, ১৯৯৪ এবং কোম্পানীর বীমা ব্যবসা পরিচালনায় প্রভাবিত করার ১৯৩৮ সনের বীমা আইন ও উহার অধীনে গঠিত বিধিমালা সাপেক্ষে পাবলিক লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে প্রযোজ্য ১৯৯৪ সনের কোম্পানী আইনে প্রথম সিডিউল এ অন্তর্ভূক্ত ২(১) (ঞ) ধারা অনুযায়ী সংশ্লিষ্ট প্রবিধান সমূহ নেতিবাচক বা নিম্নলিখিত বিধিমালার বা কোম্পানী কর্তৃক সময়ে সময়ে প্রণীতব্য বিধিমালার অন্তর্ভূক্ত না হইলে উহা যতদূর সম্ভব প্রযোজ্য হইবে।	(ক) কোম্পানী আইন, ১৯৯৪ এবং কোম্পানীর বীমা ব্যবসা পরিচালনায় প্রভাবিত করার ক্ষমতা রাখে এমন আইন তথা **বীমা আইন ২০১০ ও বীমা বিধি ১৯৫৮ ও উহাদের অন্তর্ভূক্ত বিধি/প্রবিধি/সার্কুলার সাপেক্ষে পাবলিক লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে প্রযোজ্য এবং ১৯৯৪ সনের কোম্পানী আইনে এর প্রথম সিডিউল-এ অন্তর্ভূক্ত সংজ্ঞা ও প্রবিধান অনুযায়ী এবং বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন ও ষ্টক একচেঞ্জ এর আওতাভূক্ত বিধিমালা/প্রবিধি/সার্কুলার/আইনসমূহ বা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ এবং বাংলাদেশ সরকার কর্তৃক সময়ে সময়ে প্রণীতব্য বিধিমালার** অন্তর্ভূক্ত আইনসমূহ যতদূর সম্ভব প্রযোজ্য হইবে ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
		২.	ব্যাখ্যা		
	কর্তৃপক্ষ		কর্তৃপক্ষ বলিতে সরকার কর্তৃক প্রতিষ্ঠিত ও নির্দেশিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ ও তার সহযোগী প্রতিষ্ঠান ও ব্যক্তিকে বুঝাইবে ।	নতুন সংযোজন	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	কমিশন		কমিশন বলিতে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড একচেঞ্জ কমিশনকে বুঝাইবে ।	নতুন সংযোজন	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	এক্সচেঞ্জ		এক্সচেঞ্জ বলিতে ঢাকা ষ্টক এক্সচেঞ্জ ও চিটাগাং ষ্টক একচেঞ্জ এবং সময় সময় সদস্যভূক্তির আদলে গঠিত অন্যান্য ষ্টক এক্সচেঞ্জ-কে বুঝাইবে ।	নতুন সংযোজন	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	আইনসমূহ		আইনসমূহ বলিতে কোম্পানী আইন, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ কর্তৃক প্রণীত আইন বা সংঘবিধির প্রয়োজনে ব্যবহৃত আইন সমূহকে বুঝাইবে	নতুন সংযোজন	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।

M. ROY & ASSOCIATES DHAKA

Enamul Haque Khan
Company Secretary

A.Z.M. Sazzadur Rahman
Director

Md. Zakiullah Shahid
Chairman

ক্রম.	শিরোনাম	প্র.বি. নং	বর্তমান বিধি সমূহ	প্রস্তাবিত সংশোধনী	আইনজীবীর মন্তব্য
	পরিচালক পরিষদ		"পরিচালক পরিষদ" অর্থ কোম্পানী সেই সময়ের পরিচালক পরিষদ।	**"পরিচালনা পর্ষদ" বলিতে কোম্পানী আইন ১৯৯৪ ও পাবলিক লিষ্টেড কোম্পানীজ আইন/বিধি/প্রবিধি/সার্কুলার ইত্যাদি অনুযায়ী গঠিত কোম্পানীর পরিচালনা পর্ষদ-কে বুঝাইবে ।**	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	মূলধন		"মূলধন" অর্থ কোম্পানীর উদ্দেশ্যের জন্য সেই সময়ের উত্তোলিত মূলধন বা উত্তোলনের জন্য অনুমোদিত মূলধন।	"মূলধন" অর্থ কোম্পানীর উদ্দেশ্যের জন্য সেই সময়ের উত্তোলিত মূলধন বা উত্তোলনের **জন্য সময় সময়ে নির্ধারিত** অনুমোদিত মূলধন।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	প্রত্যায়িত		কোন দলিলের অনুলিপি বা অনুবাদ সম্পর্কিত "প্রত্যায়িত" অর্থ বলিতে বীমা আইনে স্থিরকৃত উহার অভিব্যক্তি।	কোন দলিলের অনুলিপি বা অনুবাদ সম্পর্কিত "প্রত্যায়িত" অর্থ বলিতে **বীমা আইনে স্থিরকৃত উহার অভিব্যক্তি; কোম্পানীর মেমোরেন্ডাম অব এসোসিয়েশন ও আর্টিকেলস অব এসোসিয়েশনের সংজ্ঞায় উল্লেখিত আইনসমূহ এবং কোম্পানীর ব্যবসার কাজে প্রয়োজনীয় বোর্ড কর্তৃক অনুমোদিত কোন দলিলের অনুলিপি বা অনুবাদ** সম্পর্কিত "প্রত্যায়িত" অর্থ-কে বুঝাইবে ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	পরিচালক		"পরিচালক" অর্থ কোম্পানীর সেই সময়কার পরিচালকবৃন্দ।	"পরিচালক" অর্থ কোম্পানীর সেই সময়কার পরিচালকবৃন্দ **বা বীমা আইন, কোম্পানী আইন ১৯৯৪ ও পাবলিক লিষ্টেড কোম্পানী আইন/বিধি/প্রবিধি/সার্কুলার ইত্যাদি অনুযায়ী নির্বাচিত /মনোনীত পরিচালকগনকে বুঝাইবে ।**	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	পরিবারভূক্ত		"পরিবারভূক্ত" অর্থ বীমা আইন বা বীমা বিধিমালায় ব্যাখ্যায়িত অভিব্যক্তি।	"পরিবারভূক্ত" অর্থ বীমা আইন বা বীমা বিধিমালায় **এবং কমিশন কর্তৃক সময় সময়ে উল্লেখিত সংঙ্গা বা** ব্যাখ্যায়িত অভিব্যক্তি।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	আর্থিক প্রতিষ্ঠান		"আর্থিক প্রতিষ্ঠান" অর্থ বীমা আইন, বীমা বিধিমালা বা আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এর ব্যাখ্যায়িত অভিব্যক্তি।	**"আর্থিক প্রতিষ্ঠান" বলিতে ব্যাংক, বীমা, অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান যাহা ব্যাংক কোম্পানী আইন ১৯৯১, বীমা আইন ২০১০, আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ ও অর্থ মন্ত্রনালয় কর্তৃক সময় সময়ে হালনাগাদকৃত আর্থিক প্রতিষ্ঠান সমূহের সংঙ্গা**	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।

M. ROY & ASSOCIATES DHAKA

Enamul Haque Khan
Company Secretary

A.Z.M. Sazzadur Rahman
Director

Md. Zakiullah Shahid
Chairman

ক্রম.	শিরোনাম	প্র.বি. নং	বর্তমান বিধি সমূহ	প্রস্তাবিত সংশোধনী	আইনজীবীর মন্তব্য
				ও এর ব্যাখ্যায়িত অভিব্যক্তি। "তবে দেশের প্রচলিত অন্য কোন আইনে আর্থিক প্রতিষ্ঠানের যে সংজ্ঞা প্রদান করা হয়েছে তাহাকেও বুঝাইবে	
	বীমা আইন		"বীমা আইন" অর্থ বাংলাদেশে গৃহীত ও পরিবর্তিত বীমা আইন ১৯৩৮ এবং বাংলাদেশে বলবৎকৃত সেই সময়ের অন্য যে কোন আইন বা আইনসমূহ যাহাতে বীমা ব্যবসা সম্পৃক্ত বিধান বা আইনে অন্তর্ভূক্ত ও যাহা বিশেষভাবে কোম্পানীকে প্রভাবিত করে বা করিবে।	"বীমা আইন" অর্থ বাংলাদেশে গৃহীত ও পরিবর্তিত বীমা আইন ২০১০ এবং বাংলাদেশে সময় সময়ে বলবৎকৃত অন্য যে কোন আইন বা আইনসমূহ যাহাতে বীমা ব্যবসা সম্পৃক্ত বিধান বা আইনে অন্তর্ভূক্ত ও যাহা বিশেষভাবে কোম্পানীকে প্রভাবিত করে বা করিবে।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	লিখন/লিখিত/ রিটেন		"লিখিত/লিখন" বলিতে ছাপা, টাইপ, লিথোগ্রাফ, যে কোন দৃশ্যমান আকারে উপস্থাপিত বা প্রতিনিধিত্ব শব্দসমূহকে বুঝাইবে।	"লিখিত/লিখন" বলিতে ছাপা, টাইপ, কম্পিউটার টাইপ ও ছাপা লিথোগ্রাফ, যে কোন দৃশ্যমান আকারে উপস্থাপিত বা প্রতিনিধিত্ব শব্দসমূহকে বুঝাইবে।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	প্রতিনিধি		"প্রতিনিধি" বলিতে মোক্তারনামার অধীনে যথাযথভাবে গঠিত ক্ষমতা সম্পন্ন প্রতিনিধি।	"প্রতিনিধি" বলিতে পরিচালনা পর্ষদের অধীনে যথাযথভাবে গঠিত ক্ষমতা সম্পন্ন প্রতিনিধি ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	নিবন্ধন		"নিবন্ধন" অর্থ আইনের ৩৪ এবং ৩৫ ধারা অনুযায়ী রক্ষিত সদস্যদের নিবন্ধন বহি।	"নিবন্ধন" অর্থ সদস্যদের নিবন্ধন বহি বা অন্যভাবে নিবন্ধিত কোম্পানীর সদস্যগনের তালিকাকে বুঝাইবে ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	সীল		"সীল" অর্থ কোম্পানীর সেই সময়কার সাধারণ সীলমোহর।	"সীল" অর্থ কোম্পানীর সাধারণ সীলমোহর।	
	নিবন্ধিত কার্যালয়	৫.	কোম্পানীর নিবন্ধিত কার্যালয় ঢাকায় থাকিবে এবং কোম্পানীর প্রধান কার্যালয় হইবে। কোম্পানীর ব্যবসা বাংলাদেশ এবং / অথবা বিশ্বের যে কোন স্থানে পরিচালিত হইবে যেমন পরিচালক পরিষদ সমিচীন মনে করিবেন।	কোম্পানীর নিবন্ধিত কার্যালয় বাংলাদেশে থাকিবে এবং কোম্পানীর প্রধান কার্যালয় হইবে। কোম্পানীর ব্যবসা বাংলাদেশ এবং / অথবা বিশ্বের যে কোন স্থানে পরিচালিত হইবে যেমন পরিচালনা পর্ষদ সমীচিন মনে করিবেন।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	শেয়ার মূলধন	৬.	**শেয়ার মূল্যধন**		
	পরিশোধিত মূলধন		(ঘ) কোম্পানীর পরিশোধিত মূলধন ১৫,০০,০০,০০০/- (পনের কোটি) টাকা মাত্র যাহা প্রতিটি ১০০ (একশত) টাকা মূল্যের ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টি সাধারণ শেয়ার সমূহে বিভাজ্য।	কোম্পানীর পরিশোধিত মূলধন "চল্লিশ কোটি সাতাশি লক্ষ চুয়াত্তর হাজার নয়শত আশি " ৪০,৮৭,৭৪,৯৮০/- টাকা যাহা প্রতিটি ১০ (দশ) টাকা মূল্যের অর্থাৎ	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।

M. ROY & ASSOCIATES DHAKA

Enamul Haque Khan
Company Secretary

A.Z.M. Sazzadur Rahman
Director

Md. Zakiullah Shahid
Chairman

ক্রম.	শিরোনাম	প্র.বি. নং	বর্তমান বিধি সমূহ	প্রস্তাবিত সংশোধনী	আইনজীবীর মন্তব্য
			তন্মধ্যে ৪০ শতাংশ অর্থাৎ ৬,০০,০০,০০০.০০ (ছয় কোটি) টাকা উদ্যোক্তাগণ কোম্পানী প্রতিষ্ঠার সময়ে প্রদান করিবেন এবং অবশিষ্ট ৬০ শতাংশ অর্থাৎ ৯,০০,০০,০০০.০০ (নয় কোটি) টাকা কোম্পানীর নিবন্ধন তারিখের তিন বৎসরের মধ্যে জনসাধারণের নিকট বিক্রয় সম্পন্ন করিতে হইবে। জনসাধারণের অংশের অবিক্রীত শেয়ার এক বা একাধিক তফসিলি ব্যাংক এবং / আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত হইবে।	"চার কোটি আট লক্ষ সাতাত্তর হাজার নয়শত আট" ৪,০৮,৭৭,৪৯৮-টি সাধারণ শেয়ার সমূহে বিভাজ্য ও সময় সময়ে আইন-এর অধীনেহ্রাস-বৃদ্ধিকৃত শেয়ার সমূহ ।	
	ব্যক্তি উদ্দোক্তার শেয়ার		(ঙ) কোম্পানীর উদ্যোক্তাংশের পরিশোধিত মূলধনে একজন ব্যক্তি উদ্যোক্তার কিংবা প্রতিষ্ঠানিক উদ্যোক্তার শেয়ার গ্রহণের পরিমান ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার কম এবং ২০ শতাংশের অধিক হইবে না।	(ঙ) কোম্পানীর উদ্যোক্তাংশের পরিশোধিত মূলধনে একজন ব্যক্তি উদ্যোক্তার কিংবা প্রতিষ্ঠানিক উদ্যোক্তার শেয়ার গ্রহণের পরিমান কমিশন কর্তৃক নির্ধারিত অনুপাতের কম-বেশী হইবেনা।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	পরিবার ভুক্ত উদ্দোক্তা		(চ) কোম্পানীর উদ্দোক্তাংশের পরিশোধিত মূলধন একই শেয়ারভুক্ত উদ্দোক্তাগন ২০ শতাংশের অধিক শেয়ার গ্রহন করিতে পারিবেন না ।	(চ) কোম্পানীর উদ্দোক্তাংশের পরিশোধিত মূলধন একই শেয়ারভুক্ত উদ্দোক্তাগন ১০ শতাংশের অধিক শেয়ার গ্রহন করিতে পারিবেন না ।	২০ শতাংশের পরিবর্তে ১০ শতাংশ প্রতিস্থাপিত হইবে ।
	নূন্যতম চাঁদা	৭.	ন্যূনতম চাঁদা সর্বনিম্ন ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা জমা হইলে পরিচালক পরিষদ শেয়ার বরাদ্দ করার উদ্যোগ নিতে পারিবেন।	বিলুপ্তি হইবে ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	সদস্যদের নিবন্ধন বহি	৮.	সদস্যদের নিবন্ধন বহি কোম্পানীর একজন সদস্য কর্তৃক বিনামূল্যে এবং যে কোন ব্যক্তি কর্তৃক পরিচালক পরিষদের নির্ধারণকৃত মূল্য পরিশোধের বিনিময়ে পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকিবে।	সদস্যদের নিবন্ধন বহি কোম্পানীর একজন সদস্য কর্তৃক বিনামূল্যে এবং যে কোন ব্যক্তি কর্তৃক পরিচালনা পর্ষদের নির্ধারণকৃত মূল্য পরিশোধের বিনিময়ে পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকিবে।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	শেয়ারের গ্রহীতা	৯.	এইস্থল ব্যতীত অন্যভাবে ব্যবস্থা প্রদত্ত না থাকিলে, সদস্যদের নিবন্ধন বহিতে কোন শেয়ারের গ্রহীতা হিসাবে অন্তর্ভূক্ত নামের ব্যক্তিকে ঐ শেয়ারের পূর্ন মালিক হিসাবে গণ্য করার অধিকার কোম্পানীর থাকিবে এবং সেই অনুযায়ী ঐ শেয়ারের অন্য কোন ব্যক্তির ব্যক্তকৃত বা অব্যক্তকৃত বা বিজ্ঞপ্তিতে প্রকাশিত বা গোপনীয় অছিয়তনামার ন্যয়পরতা বা ন্যয়সঙ্গত বা সম্ভাব্য স্বার্থ হইবে না যদি	কোম্পানীর সদস্য বহিতে অন্তর্ভূক্ত বা আদালত কর্তৃক ঘোষিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে বুঝাইবে ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।

M. ROY & ASSOCIATES DHAKA

Enamul Haque Khan
Company Secretary

A.Z.M. Sazzadur Rahman
Director

Md. Zakiullah Shahid
Chairman

ক্রম.	শিরোনাম	প্র.বি. নং	বর্তমান বিধি সমূহ	প্রস্তাবিত সংশোধনী	আইনজীবীর মন্তব্য
			না সেই ক্ষেত্রে এখতিয়ার সম্পন্ন উপযুক্ত আদালতের নির্দেশনা বা আইনের প্রয়োজনীয়তা থাকে।		
			শেয়ার মূলধনের পরিবর্তন		
	শেয়ার মূলধন বৃদ্ধি	১২.	কোম্পানী উহার শেয়ার মূলধন উপযুক্ত মনে করিলে সময় সময়ে যে কোন অর্থের নতুন শেয়ার সৃষ্টির মাধ্যমে বৃদ্ধি করিতে পারিবেন । তবে এইরূপ মূলধন বৃদ্ধি বীমা নিয়ন্ত্রকের অনুমোদনক্রমে বীমা আইন এবং /অথবা বীমা বিধিমালার বিধান অনুযায়ী হইতে হইবে ।	কোম্পানী উহার শেয়ার মূলধন উপযুক্ত মনে করিলে সময় সময়ে যে কোন অর্থের নতুন শেয়ার সৃষ্টির মাধ্যমে মূলধন বৃদ্ধি করিতে পারিবেন । তবে এইরূপ মূলধন বৃদ্ধি **বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ ও কমিশনের প্রেরিত আইন এবং কোম্পানী আইন ১৯৯৪** এর এর ব্যত্যয় না ঘটাইয়া করিতে হইবে ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	নূতন শেয়ার মূলধনের অংশবিশেষ	১৫.	অন্য কোনভাবে বা এই পরিবেশগুলিকে প্রদত্ত শেয়ার ইস্যুর শর্তাদি ব্যতিত নূতন শেয়ার সৃষ্টির মাধ্যমে বৃদ্ধিকৃত কোন মূলধন মৌলিক সাধারণ মূলধনের অংশ হিসাবে বিবেচিত হইবে এবং উহার মূল্য হস্তান্তর ও প্রেরণ, ভোট প্রদানের সূত্রে এই স্থলের আন্তর্গত এবং অন্যভাবে নিয়মাবলীর শর্তসাপেক্ষে হইবে।	অন্য কোনভাবে বা এই **পরিশোধিত** প্রদত্ত শেয়ার ইস্যুর শর্তাদি ব্যতিত নূতন শেয়ার সৃষ্টির মাধ্যমে বৃদ্ধিকৃত কোন মূলধন মৌলিক সাধারণ মূলধনের অংশ হিসাবে বিবেচিত হইবে এবং উহা মূল্য হস্তান্তর ও প্রেরণ, ভোট প্রদানের সূত্রে এই স্থলের আন্তর্গত এবং অন্যভাবে নিয়মাবলীর শর্তসাপেক্ষে হইবে।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			শেয়ার		
	বরাদ্দের বিবরণ	২১.	সময় সময়কার সকল শেয়ার বরাদ্দকরণের ব্যাপারে পরিচালক পরিষদ আইনের ১৫১ ধারায় বিধানসমূহ মানিয়া চলিবেন।	নতুন শেয়ার বরাদ্দকরণের ব্যাপারে **পরিচালনা পর্ষদ** কমিশন ও একচেঞ্জ কর্তৃক প্রেরিত বিধানসমূহ মানিয়া চলিবেন।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			শেয়ার সমর্পণ		প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	শেয়ার সমর্পণ গ্রহণ	৪৮।	কোন শেয়ারের সমর্পন পরিচালক পরিষদ ইচ্ছা করিলে আইনের ৫৮ এ হইতে ৭০ পর্যন্ত ধারাবলীর শর্তসাপেক্ষে সেই শেয়ারের সদস্যের নিকট হইতে সম্মতজনক সুবিধা ও শর্তাবলীতে গ্রহণ করিতে বা তাহার শেয়ারে কোন পরিবর্তন করিতে পারিবেন।	কোন শেয়ারের সমর্পন পরিচালক পরিষদ ইচ্ছা করিলে **কোম্পানী আইন ১৯৯৪, কমিশন কর্তৃক প্রনীত আইন, আদালত কর্তৃক নির্দেশিত দলিল ও সময় সময়ে পরিবর্তিত আইন ও ধারাবলীর শর্তসাপেক্ষে সেই শেয়ারের সদস্যের নিকট হইতে সম্মতজনক সুবিধা ও শর্তাবলীতে গ্রহণ করিতে বা তাহার শেয়ারে কোন পরিবর্তন করিতে পারিবেন।**	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।

M. ROY & ASSOCIATES DHAKA

Enamul Haque Khan
Company Secretary

A.Z.M. Sazzadur Rahman
Director

Md. Zakiullah Shahid
Chairman

ক্রম.	শিরোনাম	প্র.বি. নং	বর্তমান বিধি সমূহ	প্রস্তাবিত সংশোধনী	আইনজীবীর মন্তব্য
	হস্তান্তরের দলিল	৫৩।	কোন শেয়ার হস্তান্তরের দলিল প্রচলিত আকারে অথবা নিম্নলিখিত আকারে বা উহার কাছাকাছি গ্রহণীয় আকারে লিখিতভাবে হইবে।	(ক) কোন রিম্যাটকৃত শেয়ার হস্তান্তরের দলিল রেজিষ্ট্যার জয়েন্ট ষ্টক কোম্পানীজ ও ফার্মস্ এবং ডি-ম্যাটকৃত শেয়ার কমিশন ও এক্সচেঞ্জ-এর প্রচলিত নিয়ম ও আইন সমূহের নির্দেশনা অনুযায়ী হইবে ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	শেয়ার হস্তান্তর	৫৪।	ক) কোম্পানীর কোন শেয়ার উক্ত শেয়ার হস্তান্তরকারী/ মালিক কর্তৃক পরিচালক পরিষদের অনুমোদক্রমে যে কোন সময় হস্তান্তরিত হইতে পারিবে। তবে ক শ্রেণীভূক্ত কোন সদস্যের শেয়ার হস্তান্তরের পূর্বে বীমা নিয়ন্ত্রকের নিকট হইতে অনুমোদন নিতে হইবে।	ক) কোম্পানীর কোন শেয়ার উক্ত শেয়ার হস্তান্তরকারী/ মালিক কর্তৃক পরিচালনা পর্ষদের অনুমোদক্রমে যে কোন সময় হস্তান্তরিত হইতে পারিবে। তবে ক শ্রেণীভূক্ত কোন সদস্যের শেয়ার ও যে কোন পরিচালকের শেয়ার হস্তান্তরের পূর্বে কমিশনের নিকট হইতে অনুমোদন গ্রহন করিতে হইবে।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	ক-শ্রেণীর শেয়ার মালিক কর্তৃক শেয়ার না হস্তান্তরে নিষেধাজ্ঞা		খ) ক-শ্রেণী ভুক্ত কোন সদস্য শেয়ার হস্তান্তর করিতে ইচ্ছুক হইলে সেই হস্তান্তরের প্রস্তাব প্রথমেই ঐরূপ একই শ্রেণীর সদস্যের নিকট প্রদত্ত হইবে। উক্ত সদস্য প্রস্তাব প্রাপ্তির তারিখ হইতে ৮ (আট) সপ্তাহের মধ্যে সেই প্রস্তাব প্রস্তাবকরণের দিনের ঢাকা/চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জের বিরাজমান মূল্যে অথবা ঐরূপ উদ্ধৃত্ত মূল্য যদি কোন কারণে সংগ্রহযোগ্য না হয় তাহা হইলে ইচ্ছুক ক্রেতা ও ভেন্ডারের মধ্যকার নিরীক্ষক কর্তৃক নির্ধারণকৃত সুলভ বাজার মূল্যে গ্রহণ করিবেন বা প্রত্যাখ্যান করিবেন। উল্লিখিত শেয়ার যদি ক-শ্রেণীর সদস্যবর্গ ঐরূপ নির্ধারিত মূল্যে ক্রয় করিতে প্রত্যাখ্যান করেন তবে সেই শেয়ার স্বাধীনভাবে বীমা কোম্পানীর উদ্যোক্তা/পরিচালক হওয়ার যোগ্য ব্যক্তির নিকট বিক্রয় হইতে হইবে। শেয়ার হস্তান্তরের সাথে সাথে বীমা নিয়ন্ত্রককে জানাইতে হইবে।	খ) ক-শ্রেণী ভুক্ত কোন সদস্য শেয়ার হস্তান্তর করিতে ইচ্ছুক হইলে সেই হস্তান্তরের প্রস্তাব প্রথমেই ঐরূপ একই শ্রেণীর সদস্যের নিকট প্রদত্ত হইবে। উক্ত সদস্য প্রস্তাব প্রাপ্তির তারিখ হইতে ৩০ দিনের মধ্যে অথবা কমিশন ও একচেঞ্জ কর্তৃক নির্দেশিত সময়ের মধ্যে সেই প্রস্তাব প্রস্তাবকরণের দিনের ঢাকা/চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জের বিরাজমান মূল্যে অথবা ঐরূপ নির্ধারিত উদ্ধৃত্ত/কম মূল্যে যদি কোন কারণে গ্রহনযোগ্য না হয় তাহা হইলে ইচ্ছুক ক্রেতা ও ভেন্ডারের মধ্যকার নিরীক্ষক/আদালত কর্তৃক নির্ধারণকৃত সুলভ বাজার মূল্যে গ্রহণ করিবেন বা প্রত্যাখ্যান করিবেন। উল্লিখিত শেয়ার যদি ক-শ্রেণীর সদস্যবর্গ ঐরূপ নির্ধারিত মূল্যে ক্রয় করিতে প্রত্যাখ্যান করেন তবে সেই শেয়ার স্বাধীনভাবে বীমা কোম্পানীর উদ্যোক্তা/পরিচালক হওয়ার যোগ্য ব্যক্তির নিকট বিক্রয় হইতে হইবে। শেয়ার হস্তান্তরের সাথে সাথে কর্তৃপক্ষকে জানাইতে হইবে।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			গ) ক-শ্রেণীভুক্ত কোন সদস্যের শেয়ার হস্তান্তর ঐরূপ একই শ্রেণীর অন্য সদস্য কর্তৃক গৃহীত হইলে উদ্যোক্তাংশের মূলধনে তাহার নিজের বা একই পরিবারভুক্ত সদস্যদের সম্মিলিত শেয়ার গ্রহণের পরিমাণ ২০ শতাংশের অধিক হইবে না।	গ) ক-শ্রেণীভুক্ত কোন সদস্যের শেয়ার হস্তান্তর ঐরূপ একই শ্রেণীর অন্য সদস্য কর্তৃক গৃহীত হইলে উদ্যোক্তাংশের মূলধনে তাহার নিজের বা একই পরিবারভুক্ত সদস্যদের সম্মিলিত শেয়ার গ্রহণের পরিমাণ ১০ শতাংশের অধিক অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ, কমিশন ও একচেঞ্জ কর্তৃক সময় সময়ে পরিবর্তিত অনুপাতের অধিক হইবে না।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।

M. ROY & ASSOCIATES DHAKA

Enamul Haque Khan
Company Secretary

A.Z.M. Sazzadur Rahman
Director

Md. Zakiullah Shahid
Chairman

ক্রম.	শিরোনাম	প্র.বি. নং	বর্তমান বিধি সমূহ	প্রস্তাবিত সংশোধনী	আইনজীবীর মন্তব্য
			ঘ) ক-শ্রেণীভুক্ত কোন সদস্যের শেয়ার হস্তান্তর যদি সম্পূর্ণ না হইয়া আংশিক হয় সেক্ষেত্রে তাঁহার শেয়ার ধারণের পরিমাণ কমপক্ষে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার নীচে থাকিবে না।	ঘ) ক-শ্রেণীভুক্ত কোন সদস্যের শেয়ার হস্তান্তর যদি সম্পূর্ণ না হইয়া আংশিক হয় সেক্ষেত্রে তাঁহার শেয়ার ধারণের পরিমাণ কমপক্ষে **কর্তৃপক্ষ, কমিশন ও একচেঞ্জ কর্তৃক নির্দেশনা অনুযায়ী হইবে ।**	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			ঙ) ক-শ্রেণীভুক্ত কোন শেয়ার হস্তান্তর গ্রহীতার শেয়ারের পরিমাণ সর্বনিম্ন ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার কম কিংবা ২ (দুই) শতাংশের অধিক হইবে না।	বিলুপ্তি হইবে ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	তলবকারী কর্তৃক আহ্বায়িত অতিরিক্ত সাধারণ সভা	৭৬।	পরিচালক পরিষদ উপযুক্ত মনে করিলে যে কোন সময়ে এবং কোম্পানীর ঐরূপ পরিশাধিত মূলধন যাহার সেই সময়কার সকল তলবী বা বা অন্যান্য পাওনা অর্থ পরিশোধকৃত হইয়াছে সেই রূপ মূলধনের এক দশমাংশের কম নহে এমন মালিকগণ তলব করিলে অবিলম্বে একটি অতিরিক্ত সাধারণ সভা আহ্বানে অগ্রসর হইতে পারিবেন। তলবনামার ক্ষেত্রে নিম্নের শর্তাবলী কার্যকর থাকিবে ঃ	পরিচালক পরিষদ উপযুক্ত মনে করিলে যে কোন সময়ে এবং কোম্পানীর ঐরূপ পরিশাধিত মূলধন যাহার সেই সময়কার সকল তলবী বা বা অন্যান্য পাওনা অর্থ পরিশোধকৃত হইয়াছে সেই রূপ মূলধনের এক দশমাংশের কম নহে **অথবা উদ্দিষ্ট বিষয়ে ভোট দানের ক্ষমতা সম্পন্ন সেই সকল সদস্য সংখ্যার এক দশমাংশের কম নহে** এমন মালিকগণ তলব করিলে অবিলম্বে একটি অতিরিক্ত সাধারণ সভা আহ্বানে অগ্রসর হইতে পারিবেন। তলবনামার ক্ষেত্রে নিম্নের শর্তাবলী কার্যকর থাকিবে ঃ	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			পরিচালক		
	পরিচালকের সাংখ্যা	১০৩।	পরিচালকের সংখ্যা ২০(বিশ) জনের অধিক হইবে না। সেই ক্ষেত্রে ১২(বার) জন উদ্যোক্তা পরিচালক ও ৬ (ছয়) জন জনগণের অংশে শেয়ার গ্রহীতা পরিচালক এবং ২ (দুই) জন নিরপেক্ষ (Independent) পরিচালক থাকিবেন।	পরিচালকের সংখ্যা ২০(বিশ) জনের অধিক হইবে না। সেই ক্ষেত্রে ১২(বার) জন উদ্যোক্তা পরিচালক ও ৬ (ছয়) জন জনগণের অংশে শেয়ার গ্রহীতা পরিচালক এবং ২ (দুই) জন নিরপেক্ষ (Independent) পরিচালক থাকিবেন। **তবে শর্ত থাকে যে, উদ্দোক্তা পরিচালকের সংজ্ঞা বীমা আইন, কমিশন ও এক্সচেঞ্জ কর্তৃক প্রনীত আইনের মধ্যে থেকে যে আইনটি বোর্ড গঠনে সহজতর হয়, সেই আইনটি গ্রহনযোগ্য হবে ।**	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
		১০৬	(ক) কোম্পানীর পরিচালক হওয়ার যোগ্য হইতে হইলে তাহাকে	(ক) কোম্পানীর পরিচালক হওয়ার যোগ্য হইতে হইলে তাহাকে বীমা আইন,	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক

M. ROY & ASSOCIATES DHAKA

Enamul Haque Khan
Company Secretary

A.Z.M. Sazzadur Rahman
Director

Md. Zakiullah Shahid
Chairman

ক্রম.	শিরোনাম	প্র.বি. নং	বর্তমান বিধি সমূহ	প্রস্তাবিত সংশোধনী	আইনজীবীর মন্তব্য
			বীমা আইন এবং বীমা বিধিমালার বিধান অনুযায়ী বীমা কোম্পানীর উদ্যোক্তা ও পরিচালক হওয়ার যোগ্যতা সম্পন্ন হইতে হইবে।	বীমা বিধিমালা ও কমিশন কর্তৃক প্রনীত আইন ও বিধান অনুযায়ী কোম্পানীর উদ্যোক্তা ও পরিচালক হওয়ার যোগ্যতা সম্পন্ন হইতে হইবে।	অনুযায়ী সঠিক ।
			(খ) 'ক' শ্রেণীভুক্ত পরিচালক হওয়ার ক্ষেত্রে তাহার নিজ নামে বা তিনি যে প্রতিষ্ঠানের পক্ষে প্রতিনিধিত্ব করিবেন উহার নামে সর্বসাকুল্যে কমপক্ষে পাঁচ ৫ (পাঁচ) লক্ষ টাকা নামমাত্র মূল্যের অঋনগ্রস্থ শেয়ারের মালিকানা অত্র কোম্পানীতে থাকিতে হইবে।	(খ) 'ক' শ্রেণীভুক্ত পরিচালক হওয়ার ক্ষেত্রে তাহার নিজ নামে বা তিনি যে প্রতিষ্ঠানের পক্ষে প্রতিনিধিত্ব করিবেন উহার নামে সর্বসাকুল্যে কমপক্ষে কোম্পানীর পরিশোধিত শেয়ারের ২% অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ অথবা কমিশন ও এক্সচেঞ্জ কর্তৃক সময় সময়ে নির্ধারিত নামমাত্র মূল্যের শেয়ারের মালিকানা অত্র কোম্পানীতে থাকিতে হইবে।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			(গ) 'খ' শ্রেণীভুক্ত শেয়ারের পরিচালক হওয়ার ক্ষেত্রে তাহার নিজ নামে বা তিনি যে প্রতিষ্ঠানের পক্ষে প্রতিনিধিত্ব করিবেন উহার নামে বীমা বিধিমালা অনুযায়ী নির্ধারিত সর্বনিম্ন অংকের যোগ্যতা মূলক শেয়ার অত্র কোম্পানীতে থাকিতে হইবে এবং ঐরূপ শেয়ার পরিচালক নির্বাচন তারিখের অন্ততঃপক্ষে ৬ (ছয়) মাস পূর্ব হইতে ধারণ করিতে হইবে।	(গ) 'খ' শ্রেণীভুক্ত পরিচালক হওয়ার ক্ষেত্রে তাহার নিজ নামে বা তিনি যে প্রতিষ্ঠানের পক্ষে প্রতিনিধিত্ব করিবেন উহার নামে সর্বসাকুল্যে কমপক্ষে কোম্পানীর পরিশোধিত শেয়ারের অনুপাত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ অথবা কমিশন কর্তৃক সময় সময়ে নির্ধারিত নামমাত্র মূল্যের শেয়ারের মালিকানা অত্র কোম্পানীতে থাকিতে হইবে।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	মনোনীত পরিচালক	১০৭।	যে কোন পরিচালক তিন মাসের অধিক দেশের বাহিরে থাকিলে সেক্ষেত্রে তিনি অনুপস্থিতকালীন সময়ের জন্য তাহার পক্ষে প্রতিনিধিত্ব করার জন্য বীমা কোম্পানীর পরিচালক হওয়ার যোগ্যতা সম্পন্ন একজনকে মনোনীত পরিচালক হিসাবে নিয়োগ করিতে পারিবেন এবং তিনি সভায় ভোটদানের অধিকারী হইবেন। তবে এ নিয়োগের পূর্বে বীমা নিয়ন্ত্রককে অবশ্যই অবহিত করিতে হইবে। মূল পরিচালকের প্রত্যাবর্তনের পর উক্ত নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে।	যে কোন পরিচালক তিন মাসের অধিক দেশের বাহিরে থাকিলে সেক্ষেত্রে তিনি অনুপস্থিতকালীন সময়ের জন্য তাহার পক্ষে প্রতিনিধিত্ব করার জন্য বীমা কোম্পানীর পরিচালক হওয়ার যোগ্যতা সম্পন্ন একজনকে মনোনীত পরিচালক হিসাবে নিয়োগ করিতে পারিবেন এবং তিনি সভায় ভোটদানের অধিকারী হইবেন। তবে এ নিয়োগের ছয় মাসের মধ্যে কর্তৃপক্ষকে অবশ্যই অবহিত করিতে হইবে। মূল পরিচালকের প্রত্যাবর্তনের পর উক্ত নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	পরিচালকের পারিশ্রমিক	১০৯।	পরিচালক কর্তৃক প্রত্যেকটি সভায় যোগদান করার পারিশ্রমিক এক হাজার টাকা হইবে।	পরিচালক কর্তৃক প্রত্যেকটি সভায় যোগদান করার পারিশ্রমিক বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ কর্তৃক সময় সময়ে নির্ধারিত পারিশ্রমিকের অধিক হইবেনা ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।

M. ROY & ASSOCIATES DHAKA

Enamul Haque Khan
Company Secretary

A.Z.M. Sazzadur Rahman
Director

Md. Zakiullah Shahid
Chairman

ক্রম.	শিরোনাম	প্র.বি. নং	বর্তমান বিধি সমূহ	প্রস্তাবিত সংশোধনী	আইনজীবীর মন্তব্য
	পরিচালকের অযোগ্যতা		নতুন সংযোজন	১১০ : পরিচালকের পদ শূন্য হইবে যদি: (১১) বাংলাদেশ ব্যাংক কর্তৃক তাঁর সিআইবি ফলাফল ডিফল্ট থাকে এবং কোম্পানীর পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মতে উক্ত ডিফল্টের কারণে কোম্পানীর স্থায়ী ও অন্যান্য ইনভেষ্টমেন্ট এর মাধ্যমে সম্ভাব্য মুনাফা অর্জনে ব্যাঘাত ঘটে এবং এই মর্মে পরিচালনা পর্ষদ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয় এবং এই ক্ষেত্রে পরিচালনা পর্ষদ ডিফল্ট পরিচালককে ৬০ দিনের সুযোগ দেয় কিন্তু ডিফল্ট পরিচালক উক্ত সিআইবি এর ত্রুটি মোচনে ব্যর্থ হয় ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			পরিচালকবৃন্দে আবর্তনক্রম		
	অবসরগ্রহণকারী পরিচালকগণ পুনঃনির্বাচন / মনোনয়নের যোগ্য	১১৪।	আবর্তক্রমের দ্বারা অবসর গ্রহণকারী পরিচালকগণ সংশ্লিষ্ট শ্রেণীর শেয়ার মালিকগণ কর্তৃক পুনঃমনোনয়ন/ পুনঃনির্বাচনের যোগ্য হইবেন। তবে সেই ক্ষেত্রে ১০৩ নম্বর সংঘবিধিতে উল্লিখিত আনুপাতিক হার সর্বদা রক্ষিত হইবে।	**আবর্তক্রমের দ্বারা অবসর গ্রহণকারী পরিচালকগণ সংশ্লিষ্ট শ্রেণীর শেয়ার মালিকগণ কর্তৃক পুনঃমনোনয়ন/ পুনঃনির্বাচনের যোগ্য হইবেন।**	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
	অতিরিক্ত সাধারণ সিদ্ধান্তের দ্বারা পরিচালক অবসর	১১৬।	কোম্পানী অতিরিক্ত সাধারণ সিদ্ধান্তের দ্বারা অত্র আর্টিকেলের পরিবেশনাগুলি ও আইন সাপেক্ষে যে কোন পরিচালককে তাহার কার্যকাল মেয়াদোত্তীর্ণের পূর্বেই অপসারণ করিতে এবং তাহার স্থলে আরেকজন ব্যক্তিকে সাধারণ সিদ্ধান্তের দ্বারা নিযুক্ত করিতে পারিবেন। তবে সেই ক্ষেত্রে **১০৩ নম্বর সংঘবিধিতে বর্ণিত পরিচালকের সংখ্যা আনুপাতিক হার** সর্বদা রক্ষিত হইবে। ঐরূপভাবে নিযুক্ত ব্যক্তির অবসরগ্রহণ তিনি যে ব্যক্তির স্থলে নিযুক্ত হইয়াছেন সেই কারণে সর্বশেষ পরিচালকরূপে নির্বাচিত/মনোনীত হওয়ার দিনে যদি তিনি পরিচালক এবং সেই ক্ষেত্রে তাহার অবসর যে সময় হইতে পারিত সেই একই সময় সাপেক্ষেই হইবে। উপরোল্লিখিতভাবে অপসারিত কোন পরিচালক পুনরায় পরিচালক হওয়ার যোগ্য হইবে না।	কোম্পানী অতিরিক্ত সাধারণ সিদ্ধান্তের দ্বারা অত্র আর্টিকেলের পরিবেশনাগুলি ও আইন সাপেক্ষে যে কোন পরিচালককে তাহার কার্যকাল মেয়াদোত্তীর্ণের পূর্বেই অপসারণ করিতে এবং তাহার স্থলে আরেকজন ব্যক্তিকে সাধারণ সিদ্ধান্তের দ্বারা নিযুক্ত করিতে পারিবেন। ঐরূপভাবে নিযুক্ত ব্যক্তির অবসরগ্রহণ তিনি যে ব্যক্তির স্থলে নিযুক্ত হইয়াছেন সেই কারণে সর্বশেষ পরিচালকরূপে নির্বাচিত/মনোনীত হওয়ার দিনে যদি তিনি পরিচালক এবং সেই ক্ষেত্রে তাহার অবসর যে সময় হইতে পারিত সেই একই সময় সাপেক্ষেই হইবে। উপরোল্লিখিতভাবে অপসারিত কোন পরিচালক পুনরায় পরিচালক হওয়ার যোগ্য হইবে না।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।

M ROY & ASSOCIATES DHAKA

Enamul Haque Khan
Company Secretary

A.Z.M. Sazzadur Rahman
Director

Md. Zakiullah Shahid
Chairman

ক্রম.	শিরোনাম	প্র.বি. নং	বর্তমান বিধি সমূহ	প্রস্তাবিত সংশোধনী	আইনজীবীর মন্তব্য
	সভার কার্য বিবরণীর সারাংশ	১২৭।	পরিচালক পরিষদ সভার কার্যবিবরণীর সারাংশ প্রস্তুত করিবেন যাহা নিম্নলিখিত উদ্দেশ্যাবলীর জন্য রক্ষিত হইয়া লিপিবদ্ধ হইবে।	পরিচালনা পর্ষদ সভার কার্যবিবরণীর সারাংশ প্রস্তুত করিবেন যাহা নিম্নলিখিত উদ্দেশ্যাবলীর জন্য রক্ষিত হইয়া লিপিবদ্ধ হইবে।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			(১) পরিচালক পরিষদ এবং পরিচালক কমিটির প্রত্যেক সভায় উপস্থিত পরিচালক বৃন্দের নাম ।	(১) পরিচালনা পর্ষদের প্রত্যেক সভায় উপস্থিত পরিচালক বৃন্দের নাম ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			(২) পরিচালক পরিষদ এবং পরিচালক কমিটি কর্তৃক গৃহীত সকল নির্দেশাবলী । (৩) পরিচালক পরিষদ এবং পরিচালক কমিটি কর্তৃক গৃহীত সকল সিদ্ধান্তবলী ও কার্য-বিবরনী ।	(২) পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত সকল নির্দেশাবলী । (৩) পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত সকল সিদ্ধান্তবলী ও কার্য-বিবরনী ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			(থ) কোম্পানীর ব্যবসায়িক কার্যে আশু প্রয়োজন হইবে না এমন যে কোন অর্থ ১৯৩৮ সনের বীমা আইন এবং ১৯৯৪ সনের কোম্পানী আইনের ধারার শর্তাবলী সাপেক্ষে সেইরূপভাবে বিনিয়োগ ও লেনদেন করা এবং ঐ বিনিয়োগ বদলানো বা বিনিয়োজিত অর্থ প্রত্যাহার করা যেরূপ তাহারা উপযুক্ত মনে করিবেন, তবে তাহারা কোম্পানীর কোন শেয়ার ক্রয় বা তাহার উপর কোন অগ্রিম প্রদান করিবেন না।	(থ) কোম্পানীর ব্যবসায়িক কার্যে আশু প্রয়োজন হইবে না এমন যে কোন অর্থ ২০১০ সনের বীমা আইন এবং ১৯৯৪ সনের কোম্পানী এবং/অথবা কমিশন কর্তৃক প্রনীত আইনের ধারার শর্তাবলী সাপেক্ষে সেইরূপভাবে বিনিয়োগ ও লেনদেন করা এবং ঐ বিনিয়োগ বদলানো বা বিনিয়োজিত অর্থ প্রত্যাহার করা যেরূপ তাহারা উপযুক্ত মনে করিবেন, তবে তাহারা কোম্পানীর কোন শেয়ার ক্রয় বা তাহার উপর কোন অগ্রিম প্রদান করিবেন না।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			(দ) কোম্পানীর কোন পরিচালক অথবা কোম্পানীর দায় গ্রহণ করিয়াছেন বা করিতে যাইবেন এমন অন্যান্য ব্যক্তিবর্গকে ১৯৩৮ সনের বীমা আইনের ধারার শর্তাবলী সাপেক্ষে ক্ষতিপূরণ প্রদান করা এবং সেই পরিচালক বা ব্যক্তিকে ক্ষতির বিপরীতে নিরাপত্তাস্বরূপ কোম্পানীর সকল বা যে কোন অংশের সম্পত্তি বন্ধক বা জিম্মি করিয়া রক্ষা করা।	(দ) কোম্পানীর কোন পরিচালক অথবা কোম্পানীর দায় গ্রহণ করিয়াছেন বা করিতে যাইবেন এমন অন্যান্য ব্যক্তিবর্গকে ২০১০ সনের বীমা আইন এবং ১৯৯৪ সনের কোম্পানী এবং/অথবা কমিশন কর্তৃক প্রনীত আইনের ধারার শর্তাবলী সাপেক্ষে ক্ষতিপূরণ প্রদান করা এবং সেই পরিচালক বা ব্যক্তিকে ক্ষতির বিপরীতে নিরাপত্তাস্বরূপ কোম্পানীর সকল বা যে কোন অংশের সম্পত্তি বন্ধক বা জিম্মি করিয়া রক্ষা করা।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			(ধ) কোম্পানীর চাকুরীতে নিয়মিতভাবে আছেন বা সেইভাবে নাই এমন যে কোন ব্যক্তিকে সেবা প্রদানের বিনিময়ে ১৯৩৮ সনের বীমা আইনের ৩২-এ এবং ৪০ ধারার শর্তাবলী সাপেক্ষে কোন উপযুক্ত	(ধ) কোম্পানীর চাকুরীতে নিয়মিতভাবে আছেন বা সেইভাবে নাই এমন যে কোন ব্যক্তিকে সেবা প্রদানের বিনিময়ে ২০১০ সনের বীমা আইন সাপেক্ষে কোন উপযুক্ত পদ্ধতিতে নগদে, বেতনে, বোনাসে বা শেয়ারে বা ঋণপত্রে বা কমিশনে	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।

M. ROY & ASSOCIATES DHAKA

Enamul Haque Khan
Company Secretary

A.Z.M. Sazzadur Rahman
Director

Md. Zakiullah Shahid
Chairman

ক্রম.	শিরোনাম	প্র.বি. নং	বর্তমান বিধি সমূহ	প্রস্তাবিত সংশোধনী	আইনজীবীর মন্তব্য
			পদ্ধতিতে নগদে, বেতনে, বোনাসে বা শেয়ারে বা ঋণপত্রে বা কমিশনে বা লভ্যাংশের মাধ্যমে নির্দিষ্টভাবে পারিতোষিক প্রদান করা।	বা লভ্যাংশের মাধ্যমে নির্দিষ্টভাবে পারিতোষিক প্রদান করা।	
			(ব) কোম্পানীর ব্যবসা কোন সুনির্দিষ্ট এলাকায় অথবা যে কোন দেশে বা তাহার যে কোন অংশের সংগঠন ও তত্ত্বাবধানকল্পে বীমা আইনের ৩২ ধারা কর্তৃক কোম্পানীর উপর আরোপিত নিষেধাজ্ঞার শর্ত সাপেক্ষে কোন ব্যক্তি, কোম্পানী বা প্রতিষ্ঠানকে কোম্পানীর মূখ্য প্রতিনিধি অথবা সংগঠকরূপে কাজ করার জন্য নিযুক্ত করা এবং সেই সকল মুখ্য প্রতিনিধি বা সংগঠকবৃন্দের পারিতোষিক, দায়িত্বকাল এবং কর্তব্য ও কার্যাবলী নির্ধারণ করা।	(ব) কোম্পানীর ব্যবসা কোন সুনির্দিষ্ট এলাকায় অথবা যে কোন দেশে বা তাহার যে কোন অংশের সংগঠন ও তত্ত্বাবধানকল্পে বীমা আইন ২০১০ ও বীমা আইনের আওতাভুক্ত অন্যান্য আইনের ধারা কর্তৃক কোম্পানীর উপর আরোপিত নিষেধাজ্ঞার শর্ত সাপেক্ষে কোন ব্যক্তি, কোম্পানী বা প্রতিষ্ঠানকে কোম্পানীর মূখ্য প্রতিনিধি অথবা সংগঠকরূপে কাজ করার জন্য নিযুক্ত করা এবং সেই সকল মুখ্য প্রতিনিধি বা সংগঠকবৃন্দের পারিতোষিক, দায়িত্বকাল এবং কর্তব্য ও কার্যাবলী নির্ধারণ করা।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			ব্যবস্থাপনা পরিচালক		
	ব্যবস্থাপনা পরিচালক নিযুক্ত পদ্ধতি	১৩২।	(ক) ব্যবস্থাপনা পরিচালক হইবেন কোম্পানীর মূখ্য নির্বাহী কর্মকর্তা। তাহাকে বীমার ক্ষেত্রে যথেষ্ঠ অভিজ্ঞতা ও যোগ্যতা সম্পন্ন হইতে হইবে।	(ক) ব্যবস্থাপনা পরিচালক হইবেন কোম্পানীর মূখ্য নির্বাহী কর্মকর্তা। তাহাকে বীমার ক্ষেত্রে কর্তৃপক্ষ কর্তৃক প্রনীত আইন ও আইনের আওতাভুক্ত বিধি/প্রবিধি এর আলোকে নির্দেশিত অভিজ্ঞতা ও যোগ্যতা সম্পন্ন হইতে হইবে।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			(খ) ব্যবস্থাপনা পরিচালক যুক্তিসংগত এবং গ্রহণযোগ্য শর্ত ও সুবিধাবলীর শর্তসাপেক্ষে পরিচালক পরিষদ কর্তৃক স্থিরকৃত নির্দিষ্ট সময়ের জন্য নিযুক্ত হইবেন। তবে কোন ব্যক্তিকে একটানা পাঁচ বৎসরের অধিক নিযুক্ত, পুনঃ নিয়োগ, পূর্ণবহাল কিংবা পদধারীরর মেয়াদ বৃদ্ধি করা যাইবে না।	(খ) মূখ্য নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক যুক্তিসংগত এবং গ্রহণযোগ্য শর্ত ও সুবিধাবলীর শর্তসাপেক্ষে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত ও পরিচালনা পর্ষদ কর্তৃক স্থিরকৃত নির্দিষ্ট সময়ের জন্য নিযুক্ত হইবেন। **তবে শর্ত থাকে যে, একটানা পাঁচ বছরের বেশী সময়ের জন্য কোন ব্যক্তিকে মূখ্য নির্বাহী কর্মকর্তা বা ব্যবস্থাপনা পরিচালক হিসাবে নিয়োগ, পুনঃনিয়োগ বা নিয়োগের মেয়াদ বৃদ্ধি করা যাইবে না এবং প্রতিটি পুনঃনিয়োগ ও মেয়াদ বৃদ্ধির সময় জেনারেল মিটিংয়ে সিদ্ধান্ত নিতে হবে।**	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক ।
			(ঘ) ব্যবস্থাপনা পরিচালক নিযুক্তির পূর্বে বীমা নিয়ন্ত্রকের নিকট	(ঘ) মূখ্য নির্বাহী কর্মকর্তা/ ব্যবস্থাপনা পরিচালক নিযুক্তির পূর্বে বীমা উন্নয়ন ও	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান

M. ROY & ASSOCIATES DHAKA

Enamul Haque Khan
Company Secretary

A.Z.M. Sazzadur Rahman
Director

Md. Zakiullah Shahid
Chairman

ক্রম.	শিরোনাম	প্র.বি. নং	বর্তমান বিধি সমূহ	প্রস্তাবিত সংশোধনী	আইনজীবীর মন্তব্য
			হইতে পূর্ব অনুমোদন গ্রহণ করিতে হইবে। এইরূপ অনুমোদিত ব্যবস্থাপনা পরিচালককে তাঁহার উত্তরসূরী হিসাবে অপর একজনকে নিযুক্তির পূর্ব অনুমোদন বীমা নিয়ন্ত্রকের নিকট হইতে গ্রহণ না করা পর্যন্ত বরখাস্ত অপসারণ কিংবা চাকুরীচ্যুত করা যাইবে না।	নিয়ন্ত্রন কর্তৃপক্ষের নিকট হইতে পূর্ব অনুমোদন গ্রহণ করিতে হইবে। এইরূপ অনুমোদিত মূখ্য নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালককে তাঁহার উত্তরসূরী হিসাবে অপর একজনকে নিযুক্তির পূর্ব অনুমোদন কর্তৃপক্ষের নিকট হইতে গ্রহণ না করা পর্যন্ত বরখাস্ত অপসারণ কিংবা চাকুরীচ্যুত করা যাইবে না।	অনুযায়ী সঠিক বলে প্রতীয়মান হয়।
			(০৪) কোন অর্থ অংঙ্গীকারনামা মোতাবেক ব্যবস্থাপনা পরিচালকের নিকট পরিশোধিত হওয়ার অংঙ্গীকার থাকিলে তাহা প্রাপ্তির পর পরিচালক পরিষদের অনুমোদনের শর্ত সাপেক্ষে কোম্পানীর নামে যে কোন ব্যাংকে জমা করা ও দালাল বা অন্যান্য প্রতিনিধিকে পরিশোধ করা। ঐরূপ জমাকৃত অর্থ সময়ে সময়ে উত্তোলন করা ও যে সকল স্থানে কোম্পানীর ব্যাংকিং হিসাব আছে সেই স্থানে বদলি করা এবং কোম্পানীর স্বার্থে নতুন হিসাব খোলা। কোম্পানীর চেক ও অন্যান্য বন্দোবস্তযোগ্য দলিলাদির স্বাক্ষরকরণ পদ্ধতি সম্পর্কে সংশ্লিষ্ট ব্যাংকগুলিকে নির্দেশ দেওয়া এবং এ সকল চেক ও দলিলাদির স্বাক্ষরকারী ও প্রতিস্বাক্ষরকারী ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দের নাম মনোনয়ন ও সময়ে সময়ে বদল করা ঐরূপ অর্থ কোম্পানীর ব্যবসার লাভের জন্য খাটানো এবং তাহা বা তাহার অংশবিশেষ বন্ধকীপত্রে বিশেষত ষ্টক তহবিল বা বাংলাদেশ সরকারের বন্ধকী পত্রাদিতে বিনিয়োগ করাসহ কোম্পানী অধিক লাভবান হইবে এমন সুদের ও পদ্ধতিতে এবং সুবিধা ও শর্তে অন্য যে কোন স্থানে বিনিয়োগ করা এবং উল্লেখিত উদ্দেশ্যের জন্য সেই বন্ধকীপত্র ও বিনিয়োগ বদলি করা।	(০৪) কোন অর্থ অংঙ্গীকারনামা মোতাবেক ব্যবস্থাপনা পরিচালকের নিকট পরিশোধিত হওয়ার অংঙ্গীকার থাকিলে তাহা প্রাপ্তির পর পরিচালনা পর্ষদের অনুমোদনের শর্ত সাপেক্ষে কোম্পানীর নামে যে কোন ব্যাংকে জমা করা ও দালাল বা অন্যান্য প্রতিনিধিকে পরিশোধ করা। ঐরূপ জমাকৃত অর্থ সময়ে সময়ে উত্তোলন করা ও যে সকল স্থানে কোম্পানীর ব্যাংকিং হিসাব আছে সেই স্থানে বদলি করা এবং কোম্পানীর স্বার্থে নতুন হিসাব খোলা। কোম্পানীর চেক ও অন্যান্য বন্দোবস্তযোগ্য দলিলাদির স্বাক্ষরকরণ পদ্ধতি সম্পর্কে সংশ্লিষ্ট ব্যাংকগুলিকে নির্দেশ দেওয়া এবং এ সকল চেক ও দলিলাদির স্বাক্ষরকারী ও প্রতিস্বাক্ষরকারী ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দের নাম মনোনয়ন ও সময়ে সময়ে বদল করা ঐরূপ অর্থ কোম্পানীর ব্যবসার লাভের জন্য খাটানো এবং তাহা বা তাহার অংশবিশেষ বন্ধকীপত্রে বিশেষত ষ্টক তহবিল বা বাংলাদেশ সরকারের বন্ধকী পত্রাদিতে বিনিয়োগ করা সহ কোম্পানী অধিক লাভবান হইবে এমন সুদের ও পদ্ধতিতে এবং সুবিধা ও শর্তে অন্য যে কোন স্থানে বিনিয়োগ করা এবং উল্লেখিত উদ্দেশ্যের জন্য সেই বন্ধকীপত্র ও বিনিয়োগ বদলি করা।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক বলে প্রতীয়মান হয়।
			বার্ষিক বিবরণী		
	বার্ষিক বিবরণী তৈয়ার	১৪০।	কোম্পানী ইহার বার্ষিক বিবরণী আইনের ৩৬নং ধারা অনুসারে তৈয়ারী করিবেন।	কোম্পানী ইহার বার্ষিক বিবরণী **কোম্পানী আইন, কমিশন ও এক্সচেঞ্জ এর আইন/ বিধি অনুসারে তৈয়ারী করিবেন।**	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক বলে প্রতীয়মান হয়।

M. ROY & ASSOCIATES DHAKA

Enamul Haque Khan
Company Secretary

A.Z.M. Sazzadur Rahman
Director

Md. Zakiullah Shahid
Chairman

ক্রম.	শিরোনাম	প্র.বি. নং	বর্তমান বিধি সমূহ	প্রস্তাবিত সংশোধনী	আইনজীবীর মন্তব্য
			লভ্যাংশ		
	লভ্যাংশ	১৪৪।	মুনাফা হইতে ইতিপূর্বে উল্লেখিত অর্থাবলী বাদ দেওয়ার পর যাহা অবশিষ্ট থাকিবে তাহা সদস্যদের জন্য বরাদ্দিত হইবে এবং লভ্যাংশ আকারে তাহাদের মধ্যে বিভাজ্য হইবে। কোন একটি নির্দিষ্ট বছরের নিরীক্ষিত প্রতিবেদন প্রাপ্তির পর অনুষ্ঠিত সাধারণ সভায় সদস্যগণকে প্রদেয় সেই বছরের লভ্যাংশ কোম্পানী ঘোষণা দিতে পারিবেন এবং সেই লভ্যাংশ সদস্যদেরকে পরিশোধ করার সময় পরিচালক পরিষদ নির্ধারণ করিবেন। কোন লভ্যাংশই পরিচালক পরিষদ কর্তৃক সুপারিশকৃত অর্থের অধিক হইবে না।	মুনাফা হইতে ইতিপূর্বে উল্লেখিত অর্থাবলী বাদ দেওয়ার পর যাহা অবশিষ্ট থাকিবে তাহা সদস্যদের জন্য বরাদ্দিত হইবে এবং লভ্যাংশ আকারে তাহাদের মধ্যে বিভাজ্য হইবে। কোন একটি নির্দিষ্ট বছরের নিরীক্ষিত প্রতিবেদন প্রাপ্তির পর অনুষ্ঠিত সাধারণ সভায় সদস্যগণকে প্রদেয় সেই বছরের লভ্যাংশ কোম্পানী ঘোষণা দিতে পারিবেন এবং সেই লভ্যাংশ সদস্যদেরকে পরিশোধ করার সময় **কমিশন কর্তৃক নির্দেশিত** বিধি অনুযায়ী **পরিচালনা পর্ষদ** নির্ধারণ করিবেন। কোন লভ্যাংশই পরিচালক পরিষদ কর্তৃক সুপারিশকৃত অর্থের অধিক হইবে না।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক বলে প্রতীয়মান হয়।
	লভ্যাংশের উপর পূর্বস্বত্ব	১৫০।	কোন লভ্যাংশের উপর কোম্পানীর পূর্বস্বত্ব থাকিলে পরিচালক পরিষদ ঐরূপ লভ্যাংশ ধরিয়া রাখিতে পারিবেন এবং সেই লভ্যাংশ পূর্বস্বত্ব বিরাজিত ঋণ, দায় বা চুক্তি পূরণের ক্ষেত্রে প্রয়োগ করিতে পারিবেন।	কোন লভ্যাংশের উপর কোম্পানীর পূর্বস্বত্ব থাকিলে **পরিচালনা পর্ষদ** ঐরূপ লভ্যাংশ ধরিয়া রাখিতে পারিবেন এবং সেই লভ্যাংশ পূর্বস্বত্ব বিরাজিত ঋণ, দায় বা চুক্তি পূরণের ক্ষেত্রে প্রয়োগ করিতে পারিবেন।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক বলে প্রতীয়মান হয়।
	অদাবীকৃত লভ্যাংশাদি	১৫৭।	লভ্যাংশাদি ঘোষণার পর এক বৎসর অদাবীকৃত থাকিলে তাহা পরিচালক পরিষদ কর্তৃক বিনিয়োগকৃত বা অন্য যে কোনভাবে কোম্পানীর স্বার্থে ব্যবহৃত হইতে পারিবে। লভ্যাংশাদি ঘোষণার পর তিন বৎসর অদাবীকৃত থাকিলে তাহা পরিচালক পরিষদ কর্তৃক বাজেয়াপ্ত হইতে পারিবে; কিন্তু ঐ বাজেয়াপ্তকরণ কোন ক্ষেত্রে উপযুক্ত মনে করিলে পরিচালক পরিষদ বাতিল করিতে পারিবেন।	লভ্যাংশাদি ঘোষণার পর এক বৎসর অদাবীকৃত থাকিলে তাহা কমিশন ও এক্সচেঞ্জ কর্তৃক প্রনীত আইন বা দেশে প্রচলিত আইন অনুযায়ী হইবে ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক বলে প্রতীয়মান হয়।
	সংঘ বিধিমালার পরিবর্তন	১৯৪।	সংঘ বিধিমালার কোন পরিবর্তন বা সংশোধন করিতে হইলে বীমা নিয়ন্ত্রকের পূর্বানুমতি নিতে হইবে।	সংঘ বিধিমালার কোন পরিবর্তন বা সংশোধন করিতে হইলে **কোম্পানী আইন অনুযায়ী হইবে** ।	প্রস্তাবিত সংশোধনী বর্তমান প্রচলিত আইন এর বিধান অনুযায়ী সঠিক বলে প্রতীয়মান হয়।

M. ROY & ASSOCIATES DHAKA

Enamul Haque Khan
Company Secretary

A.Z.M. Sazzadur Rahman
Director

Md. Zakiullah Shahid
Chairman